দৈনিক জনকণ্ঠ

2 JAN 2017
পৃঃ ১৫ কঃ ৩

# নাটোরে তৃতীয় শ্রেণীর ২৭০০ শিক্ষার্থী বই পেল না

**নিজস্ব সংবাদদাতা, নাটোর, ১ জানুয়ারি ।** বাগাতিপাড়ায় উৎসবের দিনে বই পেল না তৃতীয় শ্রেণীর ২ হাজার ৭শ' শিক্ষার্থী। বছরের শুরুতেই নতুন বই না পেয়ে শিক্ষার্থীদের হতাশ হওয়ার পাশাপাশি ক্ষোভ প্রকাশ করেছেন অভিভাবকরা। এদিকে সংশ্লিষ্টরা বলা হয়েছে সরবরাহ না পাওয়ায় তৃতীয় শ্রেণীর শিক্ষার্থীদের হাতে তুলে দেয়া সম্ভব হয়নি বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। জানা গেছে, বছরের শুরুর দিনে উপজেলার ৫৬টি প্রাথমিক বিদ্যালয়, ২৭টি কিন্ডারগার্টেন এবং মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে নতুন বই তুলে দেয়া হয় শিক্ষার্থীদের হাতে। তবে যোগীপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বই না পাওয়া তৃতীয় শ্রেণীর শিক্ষার্থী বাঁধন, মিমি, ইমন, তিথি জানায়, সবাইকে বই দিলেও তাদের কোন নতুন বই দেয়া হয়নি। বাবা-মাকে সঙ্গে নিয়ে অনেক আগ্রহের সঙ্গে বই নিতে এসে খালি হাতে ফিরছে তারা। উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ফাইজুল ইসলাম বলেন, সরবরাহকারীরা সময় মতো বই পৌঁছাতে না পারায় চাহিদা অনুযায়ী তৃতীয় শ্রেণীর ২ হাজার ৭শ' শিক্ষার্থীর সব বই এবং চতুর্থ ও পঞ্চম শ্রেণীর ইসলাম শিক্ষার বই শিক্ষার্থীদের হাতে দেয়া যায়নি। চলতি সপ্তাহের মধ্যে তারা সব বই পেয়ে যাবে।